

OBJECTIVE QUESTIONS CC-8

যে কোন দশটি প্রশ্নের উত্তর দাও।

১) নিম্নলিখিত বিকল্পগুলির মধ্যে কোনটি ধারণা গঠন করার আবশ্যিক শর্ত?

- ক) X-এর সংজ্ঞা দিতে পারা, অথবা
- খ) নির্ভুল ভাবে "X" প্রয়োগ করতে পারা
- গ) X-এর মনশ্চিত্র গঠন করতে পারা
- ঘ) কোনটাই নয়

২) একটি বচনের সত্যতা সম্পর্কে কোন উক্তিটি করা যেতে পারে?

- ক) এ বচনটি সত্যও নয়, মিথ্যাও নয়; এটি অজ্ঞাত
- খ) এটা আমার পক্ষে সত্য, তোমার পক্ষে মিথ্যা
- গ) এটা এখন সত্য, আগে সত্য ছিল না, পরেও সত্য থাকবে না
- ঘ) কোন বিকল্পই ঠিক নয়

৩) আনুরূপ্যবাদী সত্যতত্ত্বে 'অনুরূপ' কথাটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?

- ক) এক-এক সম্বন্ধ থাকা; অভিন্ন-গঠন/ অভিন্ন বিন্যাস হওয়া
- খ) সাদৃশ্য/ মিল থাকা
- গ) প্রতিকৃতি/ প্রতিরূপ হওয়া
- ঘ) কোনটাই নয়

৪) নিম্নলিখিত বিকল্পগুলির মধ্যে কোনটি সঠিক?

- ক) মিছরির টুকরোটা জলে দ্রবণীয় → এটি ঘটমান অবস্থা
- খ) বিদ্যুৎ চমকাচ্ছে → এটি ঘটমান অবস্থা
- গ) ও খিটখিট করছে → এটি প্রবণতাসূচক অবস্থা
- ঘ) বৃষ্টি হচ্ছে → এটি প্রবণতাসূচক অবস্থা

৫) সম্ভবতা/অসম্ভবতা সম্পর্কে কোন উক্তিটি মিথ্যা?

- ক) যৌক্তিকভাবে সম্ভব উক্তি মিথ্যা হতে পারে কিন্তু স্ববিরোধী না।

খ) যৌক্তিক ভাবে যা অসম্ভব তা শুধু আমাদের এই জগতে অসম্ভব নয়, সম্ভাব্য যে কোন জগতে অসম্ভব।

গ) ব্যবহারিকভাবে যা অসম্ভব, প্রযুক্তিগতভাবেও তা অসম্ভব হবে।

ঘ) প্রযুক্তিগতভাবেও যা অসম্ভব, যৌক্তিকদিক থেকেও তা অবশ্যই অসম্ভব হবে।

৬) কার্য কারণ সম্পর্কে হিউম নিম্নলিখিত বিকল্পগুলির মধ্যে কোনটি মানেন না ?

ক) কারণ ও কার্যের মধ্যে প্রকৃত কোন আবশ্যিক সম্পর্ক নেই, আছে শুধু সতত সংযোগ বা নিয়মিত পারস্পর্ষ।

খ) কারণ ও কার্যের মধ্যে প্রকৃত আবশ্যিক সম্পর্ক আছে, যার ভিত্তি বস্তুগত।

গ) কারণ আর কার্য হল এমন দুই বস্তু যাদের মধ্যে কোন একটির মুদ্রণ হলে আমাদের মন অন্যটির এক সজীব ধারণা গঠন না করে পারে না।

ঘ) কারণ হল এমন এক বস্তু যেটি অন্য বস্তুটির (কার্য) সঙ্গে আমাদের কল্পনায় এমনভাবে যুক্ত যে তাদের কোন একটির ধারণা হলে আমাদের মন অন্যটির ধারণা গঠন না করে পারে না।

৭) 'সামান্য' সম্পর্কে কোন বিকল্পটি সঠিক নয়?

ক) অ্যারিস্টটলের মতে, বিশেষের জগৎ অতিরিক্তভাবে সামান্যের জগৎ বলে বাস্তবিক কিছু নেই।

খ) বার্কলে নামবাদের সমর্থক।

গ) প্লেটো বস্তুবাদের সমর্থক।

ঘ) উপরের তিনটি বিকল্পই ঠিক নয়।

৮) অবভাসবাদে কোন দাবীটি সমর্থিত হয় না?

ক) জড়বস্তু সংক্রান্ত সমস্ত বিবৃতিকে ইন্দ্রিয়-উপাত্ত সংক্রান্ত বিবৃতিতে অনুবাদ করা যায়।

খ) আমাদের অপরোক্ষ, সাক্ষাৎ অনুভবের বিষয় হল ইন্দ্রিয়-উপাত্ত।

গ) আমাদের ইন্দ্রিয়-উপাত্তের সংবেদন হয়, আর জড়বস্তুর প্রত্যক্ষণ হয়।

ঘ) আমাদের ইন্দ্রিয়-উপাত্তের অনুভব কোন কোন পরিস্থিতিতে ভ্রান্ত হতে পারে।

৯) বার্কলের মতে আমাদের ইন্দ্রিয়-অভিজ্ঞতার কারণ কী?

ক) বাহ্য জগতের কোন ঘটনা বা জড়বস্তু

খ) এক অসীম সত্তা বা কল্যাণময় ঈশ্বর।

গ) আমাদের ব্যক্তিগত মন।

ঘ) কোন বিকল্পই সঠিক উত্তর নয়।

১০) বস্তুবাদ সম্পর্কে কোন বিকল্পটি মিথ্যা?

ক) লক প্রতিক্রমী বস্তুবাদের সমর্থক।

খ) বার্কলে সরল বস্তুবাদের সমর্থক।

গ) সরল বস্তুবাদ অনুসারে, গুণসমন্বিত বস্তুকে আমরা সরাসরি এবং অবিকৃতরূপে জানি।

ঘ) প্রতিক্রমী বস্তুবাদ অনুসারে, আমরা সরাসরি জড়বস্তুকে জানতে পারি না।

১১) নিম্নোক্ত কোন কোন বাক্যগুলির ক্ষেত্রে কেবল 'বোধ'-এর ওপর নির্ভর করে বলা যায় যে উক্তিটি সত্য?

ক) আমার বোধ হচ্ছে যে অমিতের প্রতি অবিচার করা হচ্ছে।

খ) আমার বোধ হচ্ছে যে ঈশ্বর আছেন।

গ) আমি অসুস্থ বোধ করছি।

ঘ) আমি বোধ করছি এটা একটা সাপ।